কবিতা/গল্প প্রকাশ

নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ডাউনলোড "এই যুগ অ্যাপ"

এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 12 AUGUST 2026 ,WEDNESDAY | ১২ আগস্ট ২০২৬ ,বুধবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-250


## রাধানগর সেচ খাল পরিদর্শন করলেন বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ আগস্ট :** বারবিশার রাধানগর সেচখাল পরিদর্শন করলেন পশ্চিমবঙ্গ সরকারের বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ। সেচ খালের জল বের হয়ে গিয়ে নদীতে পড়ে যাচ্ছে এর ফলে কৃষকরা বিপাকে করেছেন। রাধানগর এলাকায় সেচ খালের জল দিয়েই কয়েকশ কৃষক চাষাবাদ করেন এমনটাই জানা গেছে ওই এলাকার কৃষকদের কাছ থেকে। কিন্তু সেচ খালের মধ্যবর্তী অংশের একটি নালার মত তৈরি হয়েছে আর সেই নালা দিয়ে জল বের হয়ে চলে যাচ্ছে নদীতে। সেচ খালে জল থাকছে না। এদিন এলাকার বাসিন্দাদের সঙ্গে আলোচনা করেন সেচ খাল মেরামত করার।

## উন্নয়ন কে অগ্রাধিকার দিয়ে রাজ্যের পশ্চিমাঞ্চলের সার্বিক বিকাশের কাজ করতে হবে বলে জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,বাঁকুড়া ,১১ আগস্ট :** আজ বাঁকুড়ায় উন্নয়ন পরিষদের বৈঠকে যোগ দিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন "উন্নয়ন কে অগ্রাধিকার দিয়ে রাজ্যের পশ্চিমাঞ্চলের সার্বিক বিকাশের কাজ করতে হবে। আমাদের রাজ্যে তিনটি উন্নয়ন দপ্তর রয়েছে একটি উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর, সুন্দরবন উন্নয়ন দপ্তর এবং পশ্চিমাঞ্চল উন্নয়ন দপ্তর। প্রসঙ্গত পশ্চিমাঞ্চল উন্নয়ন দপ্তর মুখ্যমন্ত্রীর দায়িত্বের দপ্তর গুলোর মধ্যে একটি"। মুখ্যমন্ত্রী আরো বলেন ,"পূর্বতন সরকার পশ্চিমাঞ্চলের উন্নয়নের জন্য মাত্র কুড়ি কোটি টাকা বরাদ্দ করেছিল যার মধ্যে ন কোটি টাকার কাজ হয়েছে কিন্তু বর্তমান সরকার এই কাজে এক হাজার ছয়শ কোটি টাকা বরাদ্দ করেছে। পশ্চিমাঞ্চল উন্নয়ন দপ্তরের অধীনে ৭৬ টি ব্লক রয়েছে।এখানকার পরিকাঠামোগত উন্নয়ন ,সামাজিক ,জীবন ও জীবিকার মান ,বিশেষ করে এই অঞ্চলের তপশিলি জাতি ও তপশিলি উপজাতি সহ সমস্ত মানুষের উন্নয়নের জন্য নজর দেওয়া হবে।এখানকার সামগ্রিক উন্নয়নের জন্য আগামী তিন মাসের মধ্যে একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে"।





# “হর ঘর তিরঙ্গা” অভিযানে সামিল আলিপুরদুয়ার জেলা পুলিশ



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ আগস্ট :** আসন্ন স্বাধীনতা দিবস উপলক্ষ্যে শুরু হয়েছে “হর ঘর তিরঙ্গা” অভিযান। মঙ্গলবার আলিপুরদুয়ার এ এই অভিযান আয়োজিত হয়। আলিপুরদুয়ার জেলা প্রশাসনের মুখ্য কার্যালয় ডুয়ার্স কন্যার সামনে থেকে এদিনের অভিযান শুরু হয়। তিরঙ্গা জাতীয় পতাকা হাতে নিয়ে স্কুল ছাত্র ছাত্রী, শহরের বিশিষ্ট ব্যক্তিগন সহ আলিপুরদুয়ার এর বিধায়ক পরিতোষ দাস, জেলা পুলিশ সুপার অমিত কুমার শ ও অন্যান্য পুলিশ আধিকারিকগন এই অভিযানের অঙ্গ শোভাযাত্রায় শামিল হন। শোভাযাত্রাটি শহরের বিভিন্ন এলাকা পরিক্রমা করে। পুলিশ সুপার জানান আসন্ন স্বাধীনতা দিবসে প্রতিটি ঘরে গর্ব ও শ্রদ্ধার সাথে তিরঙ্গা জাতীয় পতাকা উত্তোলনের জন্য সাধারন নাগরিকদের অনুপ্রাণিত করার লক্ষ্যেই এই কর্মসূচি।

# আয়ুষ স্বাস্থ্য সচেতনতা শিবির ও পদযাত্রার মাধ্যমে পালিত হল আয়ুষ দিবস ২০২৬





**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১১ আগস্ট :** অন্যান্য জেলার সাথে কোচবিহার জেলা স্বাস্থ্য পরিবার কল্যাণ দপ্তরের আয়ুষ বিভাগের পক্ষ থেকে আজ ‘আয়ুষ দিবস - ২০২৬’ পালন করা হলো কোচবিহার শহরের স্বাস্থ্য দপ্তরে।আজ বিভিন্ন বিদ্যালয়, কার্যালয় ও উদ্যানে যোগ প্রদর্শনী ও যোগাভ্যাস, আয়ুষ স্বাস্থ্য সচেতনতা শিবির, আয়ুষ্মান আরোগ্য মন্দিরের উদ্যোগে যোগ শিবির এবং বিভিন্ন আয়ুষ চিকিৎসা কেন্দ্র থেকে ঔষধি গাছের চারা বিতরণের মাধ্যমে আয়ুষ দিবস পালন করা হয় । ডঃ প্রশান্ত কয়াল, ডি এম ও, আয়ুষ বিভাগ,অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বলেন, “ইনসুলিন ও গাইনুরা এই দুই প্রজাতির ভেষজ উদ্ভিদের চারার ব্যবহারিক গুনাগুণ সমাজের সকল স্তরের মানুষের মধ্যে ছড়িয়ে পড়লে বহু মানুষ মধুমেহ এবং উচ্চ রক্তচাপ জনিত রোগসমূহকে সহজেই নিয়ন্ত্রণ করতে পারবে।সুস্থ মানুষের সুস্থতা রক্ষা করা এটাই মানুষের মূল বার্তা”।

# সহ সভাপতি নির্বাচন নিয়ে আলোচনা তুঙ্গে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ আগস্ট :** আগামী বৃহস্পতিবার আলিপুরদুয়ার দু'নম্বর পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি নির্বাচন করা হবে। দীর্ঘদিন যাবত অচল অবস্থায় রয়েছে আলিপুরদুয়ার দু'নম্বর পঞ্চায়েত সমিতি। বিধানসভা ভোট গণনার পরদিন থেকেই রহস্যজনকভাবে তৃণমূলের পঞ্চায়েত সমিতির সভাপতি অফিসে আসেন না। এদিকে পঞ্চায়েত সমিতির সভাপতি থেকে শুরু করে তার স্বামীর বিরুদ্ধে একাধিক অভিযোগ এর ভিত্তিতে পুলিশ তাকে গ্রেফতার করে। লোকলজ্জায় ভয়ে পঞ্চায়েত সমিতির সভাপতি পঞ্চায়েত সমিতি অফিসে না আসলেও আলিপুরদুয়ার জেলা শহরে বিভিন্ন সভায় যোগ দেন মাঝেমধ্যেই। পঞ্চায়েত সমিতির সভাপতি ঝুমা দাস দেবনাথ পদত্যাগ না করলেও সহ-সভাপতি কাজল দত্ত পদত্যাগ করেছেন সহ-সভাপতি থেকে। পঞ্চায়েত সমিতির সাধারণ সভাতেও যোগদান করেননি সভাপতি আলিপুরদুয়ার ২ নম্বর ব্লক ক্যাম্পাসে। এদিকে সহ সভাপতি নির্বাচন কে ঘিরে চুল ছেঁড়া বিশ্লেষণ চলছে দলীয় কর্মী এবং সাধারণ মানুষদের মধ্যে। সহ সভাপতি পদ কাকে দেওয়া হবে আলোচনার বিষয়বস্তু হয়ে দাঁড়িয়েছে আমজনতার মধ্যে। কবে শেষ পর্যন্ত পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি নির্বাচিত হবে কিনা তা নিয়েও যথেষ্ট সন্দেহ রয়েছে।



# গুলমা পিকনিক স্পটে অভিযান পুলিশের ,মদ্যপানরত অবস্থায় গ্রেপ্তার কয়েকজন




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১১ আগস্ট :** শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের প্রধাননগর থানার পুলিশ মঙ্গলবার সকালে গুলমা পিকনিক স্পটে অভিযান চালিয়ে প্রকাশ্যে মদ্যপান রত অবস্থায় কয়েকজনকে গ্রেপ্তার করে। পুলিশ সূত্রে জানা গেছে পিকনিক স্পটের পার্শ্ববর্তী সাধারন মানুষ বেশ কিছুদিন ধরেই এ বিষয়ে অভিযোগ জানাচ্ছিলেন। সেই অভিযোগের ভিত্তিতে এদিন অভিযান চালানো হয়। উল্লেখ্য এই পিকনিক স্পটে প্রচুর মানুষ আসেন। এভাবে প্রকাশ্যে মদ্যপান করে কিছু মানুষ পরিবেশ নষ্ট করছে। এদিনের অভিযানে বেশ কিছু মদের বোতলও উদ্ধার হয়। পুলিশ জানায় পিকনিক স্পটের পরিবেশ সুস্থ ও পরিচ্ছন্ন রাখতে এধরনের অভিযান নিয়মিত চলবে।

# উদ্ধার গণ্ডারের মৃতদেহ, চাঞ্চল্য এলাকায়



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ আগস্ট :** আলিপুরদুয়ার জেলার ফালাকাটা ব্লকের ময়রাডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের কুঞ্জনগর এলাকায় মঙ্গলবার সকালে একটি গণ্ডারের মৃতদেহ উদ্ধারের ঘটনায় ব্যপক চাঞ্চল্যের সৃষ্টি হয়। স্থানীয়রা জানান এদিন সকালে একটি শাবক সাথে নিয়ে গণ্ডারটিকে এলাকায় ঘোরাফেরা করতে দেখা যায়। শাবক সাথে নিয়ে কিছুক্ষন ঘোরাফেরার পর আচমকাই শাবকটি বেপাত্তা হয়ে যায়। শাবকটিকে না পেয়ে গণ্ডারটি এদিক ওদিক ছোটাছুটি করতে থাকে। এরপর এক জায়গায় মৃত অবস্থায় গণ্ডারটিকে পরে থাকতে দেখেন স্থানীয়রা। তারা খবর দেন বন দপ্তরের কর্মী ও ফালাকাটা থানায়। খবর পেয়ে বন কর্মীরা ও ফালাকাটা থানার পুলিশ কর্মীরা ঘটনাস্থলে পৌঁছান। বন কর্মীরা মৃতদেহটি উদ্ধার করে নিয়ে যান। তারা জানান ময়না তদন্তের রিপোর্ট পেলেই গণ্ডারটির মৃত্যুর সঠিক কারন জানা যাবে। শাবকটির সন্ধান চালাচ্ছেন বন কর্মীরা।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |